Department of Education
Dennis M. Walcott, Chancellor

প্রতিবন্ধী শিক্ষার্থীদের পরিবারের জন্য
২০১২ স্কুল-বছরে কিন্ডারগার্টেনে ভর্তির তথ্য

নভেম্বর ২০১১

আপনার সন্তান যখন প্রি-স্কুল থেকে কিন্ডারগার্টেনে যাচ্ছে*, স্কুল-বয়সী শিক্ষার্থীদের জন্য কী কী বিশেষ শিক্ষা পরিষেবা আছে, এই উত্তরণ প্রক্রিয়াটি কেমন, এবং আপনার সন্তানকে কিন্ডারগার্টেনে ভর্তির জন্য কী করতে হবে – এসব বিভিন্ন প্রশ্ন আপনার থাকতে পারে। নিচে প্রদত্ত তথ্যসমূহ ভর্তির ব্যাপারে পদক্ষেপ নিতে আপনার জন্য সহায়ক হতে পারে বলে আমরা মনে করছি। কিন্ডারগার্টেনে নির্বিঘ্ন উত্তরণে আমরা আপনার সাথে কাজ করার প্রত্যাশায় আছি।

- **পরিচিতি সভায় যোগ দিন:** বিশেষ শিক্ষা পরিষেবা এবং ভর্তি প্রক্রিয়া সম্পর্কিত তথ্য এবং আপনার অন্যান্য প্রশ্নের উত্তর দিতে আমরা একটি কিন্ডারগার্টেন পরিচিতি সভার আয়োজন করেছি। সভার সূচিটি এখানে সংযুক্ত আছে, সভায় যোগ দিতে আমরা আপনাকে উৎসাহিত করছি।

- **পরিচিতি নির্দেশিকাটি পড়ুন:** প্রতিবন্ধী শিক্ষার্থীদের পরিবারের জন্য আমাদের কিন্ডারগার্টেন পরিচিতি নির্দেশিকাটি অনলাইনে http://schools.nyc.gov/Academics/SpecialEducation/ParentResources/Enrollment ঠিকানায় পাওয়া যাবে। আপনি নির্দেশিকার কপি পরিচিতি সভায় অথবা কমিটি অন স্পেশাল এডুকেশনের (সিএসই) অফিসেও পেতে পারেন (http://schools.nyc.gov/Academics/SpecialEducation/CSE/default.htm).

স্কুলে আবেদন করুন: প্রতিবন্ধী শিক্ষার্থীসহ *সকল* শিক্ষার্থী যারা ২০১২-এর সেপ্টেম্বরে কিন্ডারগার্টেনে ঢুকবে, তাদের কিন্ডারগার্টেন ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে হবে। এই ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে আপনার সন্তান যেস্কুলে গৃহীত হবে, সে সম্ভবত সেই স্কুলেই পড়বে। আপনাকে ৯ জানুয়ারি এবং ২ মার্চ তারিখের মধ্যবর্তী সময়ে আপনার জোনভুক্ত স্কুল এবং অন্য যেকোন আগ্রহের স্কুলে আবেদন করার মধ্য দিয়ে প্রক্রিয়াটি শুরু করতে হবে।

কিন্ডারগার্টেনে আবেদনের সময়	৯ জানুয়ারি, ২০১২ – ২ মার্চ, ২০১২
কোন স্কুলে ভর্তির প্রস্তাব দেয়া হয়েছে তা পরিবারবর্গকে জানানো হবে	১৯ মার্চ, ২০১২ – মার্চ ২৩, ২০১২
প্রস্তাব গ্রহণের সময়	২৬ মার্চ, ২০১২ – ১৩ এপ্রিল, ২০১২

২০১২-২০১৩ স্কুল বছরের কিন্ডারগার্টেন ভর্তি প্রক্রিয়া সম্পর্কে আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে http://schools.nyc.gov/ChoicesEnrollment/Elementary ওয়েবসাইট দেখুন।

* সেপ্টেম্বর ২০১২-এ কিন্ডারগার্টেনে ভর্তির যোগ্যতার জন্য শিক্ষার্থীদেরকে ৩১ ডিসেম্বর, ২০১২ তারিখের মধ্যে ৫ বছর বয়সের হতে এবং নিউ ইয়র্ক সিটির অধিবাসী হতে হবে।

T&I-16948 (Bengali)

Department of Education
Dennis M. Walcott, Chancellor

কিন্ডারগার্টেন:
প্রতিবন্ধী শিক্ষার্থীদের পরিবারের জন্য পরিচিতি নির্দেশিকা
২০১১–২০১২

নভেম্বর ২০১১

প্রিয় পরিবারবর্গ,

আপনার সন্তানের প্রি-স্কুল থেকে কিন্ডারগার্টেনে উত্তীর্ণ হওয়ার সময়টি তার জীবনে একটি উদ্দীপনামূলক নতুন অধ্যায়। আমরা জানি এই উত্তরণ সম্পর্কে আপনার অনেক প্রশ্ন থাকতে পারে এবং আমাদের কর্মীগণ আপনি এবং আপনার সন্তানের জন্য এই প্রক্রিয়াটিকে মসৃণ এবং সফল করতে সম্ভাব্য সবকিছুই করবে। এই গুরুত্বপূর্ণ প্রক্রিয়া সম্পর্কে আপনাকে তথ্য প্রদান করতে এবং আপনার প্রশ্নের জবাব দিতে এই পরিচিতি নির্দেশিকাটি প্রস্তুত করা হয়েছে।

এই নির্দেশিকায় প্রদত্ত প্রয়োজনীয় তথ্যাবলি আপনি সারা স্কুল-বছরব্যাপী ব্যবহার করতে পারবেন। আপনার সন্তানের শিক্ষায় আপনার অব্যাহত অংশগ্রহণ স্কুলে আপনার সন্তান কতটা ভালো করছে তার উপর অসামান্য ভূমিকা রাখবে। আপনার সন্তানকে একটি কঠোর এবং সমৃদ্ধ শিক্ষণ অভিজ্ঞতা দিতে আমরা আপনার সাথে একটি অংশীদারিত্ব গড়ে তোলার প্রত্যাশায় আছি।

আপনার বিশ্বস্ত,

Laura Rodriquez

লরা রোডরিগেজ

ডেপুটি চ্যান্সেলর
ডিভিশন অব স্টুডেন্টস্ উইদ ডিসঅ্যাবিলিটিজ অ্যান্ড ইংলিশ ল্যাংগুয়েজ লার্নারস্

সূচিপত্র

ডেপুটি চ্যান্সেলর লরা রোডরিগেজের কাছ থেকে পিতামাতাদের সংবর্ধনা চিঠি 1
সূচিপত্র 2
ভূমিকা 3
শিক্ষার্থীদের স্কুল-বয়েসী বিশেষ শিক্ষা পরিষেবায় উত্তোরণের সময়ানুক্রম 4
স্কুল-বয়েসী পরিষেবায় উত্তরণকালে আপনার অধিকার 6
প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ 7

স্কুল-বয়েসী পরিষেবাসমূহ

ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ (এলআরই) 8
শ্রেণিবদ্ধকরণ থেকে অবমুক্তি সহায়ক পরিষেবা 8
সম্পূরক পরিচর্যাকারীর সহায়তা ও পরিষেবাসহ সাধারণ শিক্ষা 9
সংশ্লিষ্ট পরিষেবাসমূহ 9
বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবা (এসইটিএসএস) 10
সমন্বিত সহ-শিক্ষকতা (আইসিটি) 11
বিশেষ শ্রেণিকক্ষ সহায়তা পরিষেবা 11
স্টেট-সহায়তাপ্রাপ্ত স্কুল 13
বাড়ি ও হাসপাতালে শিক্ষা 13
অতিরিক্ত বিশেষ শিক্ষা পরিষেবা 14
কিন্ডারগার্টেনে ভর্তি 15

যোগাযোগের তথ্য

অতি শৈশব নির্দেশনা কেন্দ্র (ইসিডিসি) 16
বিশেষ শিক্ষার পিতামাতা কেন্দ্র 16
পিতামাতা প্রশিক্ষণ তথ্য কেন্দ্র (পিটিআইসি) 16
বিশেষ শিক্ষা সংক্রান্ত কমিটি (সিএসই) 17

Cover art by: Odalys Rodriquez
Title: My School: Medium: Watercolor
2010 Submission to NYC DOE *Celebrating Inclusion* Event

ভূমিকা

দুবছর আগে, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (ডিওই) শিক্ষার্থী সাফল্য বৃদ্ধির লক্ষ্যে ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (আইইপি) নেই এমন আরও বেশি সংখ্যক প্রতিবন্ধী শিক্ষার্থীকে তারা যেসকল স্কুলে যেতে আগ্রহী সেইসব স্কুলে ভর্তির জন্য একটি পরিবর্তন এনেছে যেখানে প্রতিবন্ধী শিক্ষার্থীরা তাদের অপ্রতিবন্ধী সহপাঠীদের সাথে মেলামেশার সুযোগ লাভ করে।

অনেক দিন ধরে, প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষাদান বলতে অনেক সময় বোঝাতো সাধারণ শিক্ষার শিক্ষার্থী থেকে তাদেরকে পৃথক করে ("শুধুমাত্র প্রতিবন্ধীদের ক্লাস") রাখা। যার ফলে, প্রতিবন্ধী শিক্ষার্থীরা একটি ছোট বিশেষ শিক্ষার ক্লাসে সারাদিন কাটিয়ে দেয় যেখানে তারা এমন একটি পাঠ্যক্রম নিয়ে কাজ করে যা তাদের হাই স্কুল গ্রাজুয়েট হওয়া অথবা কলেজ বা কর্মস্থলের সাফল্যের জন্য প্রস্তুত করে না কারণ এই পঠ্যক্রম এবং তার মান অপ্রতিবন্ধী সহপাঠীদের মানে সমান নয়।

এই পরিবর্তন আমাদের মনে করিয়ে দেয় যে, বিশেষ শিক্ষা কোন "ক্লাস" অথবা "স্থান নয়", বরং বিভিন্ন সহায়তা এবং পরিষেবার মিশ্রণ। কিন্ডারগার্টেন ক্লাসে আপনার সন্তানের আইইপির অন্তর্ভুক্ত হতে পারে দিনের বিভিন্ন সময়ে অনুষ্ঠিত নানা ধরনের ক্লাস এবং পরিষেবা। যেমন, যদি কোন শিক্ষার্থীর রিডিং-এ বাড়তি সহায়তার প্রয়োজন পড়ে, তাহলে সে ক্ষুদ্র ক্লাসের পরিবেশে তা পেতে পারে এবং সাধারণ শিক্ষার ক্লাসে বাকি দিনের অংশ কাটাতে পারে।

এই পরিবর্তনের ফল হিশেবে, ২০১২-২০১৩ স্কুল বছরের শুরুতে, *সকল কম্যুনিটি স্কুল* অনেক বেশি সংখ্যক প্রতিবন্ধী শিক্ষার্থীকে পরিষেবা দেবে সেটিই প্রত্যাশা করা হচ্ছে। অতএব, আপনার সন্তানের প্রিস্কুল থেকে কিন্ডারগার্টেনে উত্তরণ প্রক্রিয়ায় দুটি অত্যন্ত গুরুত্বপূর্ণ অংশ জড়িত থাকবে:

কিন্ডারগার্টেনে আইইপি প্রণয়ন: আপনার সন্তান যদি বর্তমানে প্রিস্কুল বিশেষ শিক্ষা পরিষেবা পায়, তার কিন্ডারগার্টেনে উত্তরণের সময় ডিওই থেকে একজন প্রতিনিধি নিয়োগ দেয়া হবে। বেশির ভাগ ক্ষেত্রে, এই ডিওই প্রতিনিধি হয় একজন স্কুল সাইকোলজিস্ট অথবা সমাজকর্মী হন যিনি স্থানীয় স্কুলে অথবা কমিটি অন স্পেশাল এডুকেশনে (সিএসই) কাজ করেন। এই ডিওই প্রতিনিধি আপনার সন্তানের প্রিস্কুল বিশেষ শিক্ষার শিক্ষক এবং তার পরিষেবা প্রদানকারীগণ প্রদত্ত প্রগ্রেস রিপোর্টসহ তার ফাইল পর্যালোচনা করে নির্ধারণ করবে বাড়তি মূল্যায়ন (ক্লাসরুম পর্যবেক্ষণ এর অন্তর্ভুক্ত) প্রয়োজন আছে কিনা। তারপর ডিওই প্রতিনিধি আপনার সন্তানের কিন্ডারগার্টেন আইইপি তৈরির জন্য একটি আইইপি সভার আয়োজন করবে। কিন্ডারগার্টেন (স্কুল-বয়সী) পরিষেবার বিভিন্ন ধরন সম্পর্কে আরও তথ্যের জন্য, পৃষ্ঠা 8-14 দেখুন।

কিন্ডারগার্টেনে ভর্তি: প্রতিবন্ধী শিক্ষার্থীসহ *সকল* কিন্ডারগার্টেন শিক্ষার্থীর কিন্ডারগার্টেন ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে হয়। আপনার জোনভুক্ত স্কুল এবং অন্য যেস্কুলে ভর্তি হতে আপনি আগ্রহী সেখানে আবেদন করে এই প্রক্রিয়া আপনাকে শুরু করতে হবে। অধিকাংশ ক্ষেত্রে, কিন্ডারগার্টেন ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে আপনার সন্তান যে স্কুলে গৃহীত হয়েছে তাকে সেখানেই ভর্তি হতে হবে এবং সেই স্কুল তাকে তার কিন্ডারগার্টেন আইইপিতে উল্লিখিত পরিষেবা প্রদান করবে।

যদি কোন ক্ষেত্রে, আপনার সন্তানকে তার গৃহীত স্কুল উপযুক্ত পরিষেবা দিতে সক্ষম না হয়, ডিওই তাকে ভিন্ন একটি স্কুলে ভর্তির প্রস্তাব পাঠাবে। যেমন বিশেষায়িত অথবা অভিগম্য কোন সাইটের কর্মসূচির চাহিদা আছে এমন শিক্ষার্থীরা তাদের আইইপি অনুযায়ী যেসব স্কুলে পরিষেবা প্রদান করা হয় সেখানে ডিওই-র কাছ থেকে ভর্তির প্রস্তাব পাবে।

কিন্ডারগার্টেনে ভর্তি সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে পৃষ্ঠা ১৫ দেখুন।

স্কুল-বয়সী শিক্ষার্থীদের বিশেষ শিক্ষা পরিষেবায় উত্তরণের সময়নুক্রম

কী হবে? বিষয়: কিন্ডারগার্টেন আইইপি প্রণয়ন	কী হবে? বিষয়: কিন্ডারগার্টেনে ভর্তি	কখন?
১. নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন(ডিওই) আপনার সন্তানের স্কুল-বয়সী কর্মসূচিতে উত্তরণ প্রক্রিয়া ব্যাখ্যা করার জন্য প্রতিটি বরোতে প্রতিবন্ধী প্রি-স্কুল শিক্ষার্থীদের পিতামাতার জন্য সভার আয়োজন করবে। এইসব সভার সময়, আপনার স্থানীয় ডিওই কর্মী বিশেষ শিক্ষা পরিষেবার একটি উপরিচিত্রও তুলে ধরবেন এবং প্রশ্নের উত্তর দেবেন। এই সভাগুলি নভেম্বর/ডিসেম্বর এবং এবং ফেব্রুয়ারি/মার্চেও অনুষ্ঠিত হবে। ২. বিশেষায়িত (ডিস্ট্রিক্ট ৭৫) স্কুলগুলো ওপেন হাউসের আয়োজন করবে যেখানে তারা যে বিভিন্ন ধরনের স্কুল-বয়সী পরিষেবা প্রদান করে, সেগুলো আপনি দেখতে পাবেন। (ডিস্ট্রিক্ট ৭৫ যেসকল শিক্ষার্থী আত্মমগ্নতার বিভিন্ন স্তরে আছে, উল্লেখযোগ্য জ্ঞানাত্মক মন্থরতায় ভুগছে, এবং গুরুতর মানসিক চ্যালেঞ্জের মুখোমুখি, স্নায়ু বৈকল্য, এবং/অথবা একাধিক দিক দিয়ে প্রতিবন্ধী, তাদের জন্য বিশেষায়িত কর্মসূচি প্রদান করে।) পরিচিতি সভাসমূহ এবং ডিস্ট্রিক্ট ৭৫-এর ওপেন হাউসের তালিকাগুলো ডিওই-র ওয়েবসাইট http://schools.nyc.gov/Academics/SpecialEducation/ParentResources/Enrollment -এ অথবা আপনার কমিটি অন স্পেশাল এডুকেশন(সিএসই) বা আপনার সন্তানের প্রি-স্কুল বিশেষ শিক্ষার কর্মসূচিতে পাওয়া যাবে।		নভেম্বর/ডিসেম্বরে এবং আবার ফেব্রুয়ারি/মার্চে
৩. প্রি-স্কুল বিশেষ শিক্ষা সংক্রান্ত কমিটি (সিপিএসই) আপনার সন্তানকে বিশেষ শিক্ষা কমিটিতে (সিএসই) পাঠাবে। আপনার সন্তানকে মূল্যায়নের জন্য সুপারিশ করা হয়েছে এই মর্মে আপনি একটি চিঠি পাবেন। একটি স্থানীয় স্কুল অথবা সিএসই-এর একজন মনোবিদ বা সমাজ কর্মী আপনার সন্তানের উত্তরণের দায়িত্বে থাকবেন।	১. প্রতিবন্ধী শিক্ষার্থীসহ সেপ্টেম্বর, ২০১২-তে কিন্ডারগার্টেনে ভর্তির প্রস্তুতি নিচ্ছে এমন সকল শিক্ষার্থী কিন্ডারগার্টেন ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করবে। তার অর্থ আগ্রহের অন্য স্কুলসহ আপনাকে আপনার জোনভুক্ত স্কুলে আবেদন করতে হবে। আবেদনের সময় জানুয়ারিতে শুরু হয়। আপনি যখন জোনভুক্ত/কম্যুনিটি স্কুলের ওপেন হাউসে যোগ দেন, বিশেষ শিক্ষার পরিষেবা পাচ্ছে এমন শিক্ষার্থীদের জন্য অন্য কী ধরনের ক্লাস ও পরিষেবা আছে তা দেখে নিন।	শীত
৪. কোন মূল্যায়ন, যদি প্রয়োজন হয়, জরুরি কিনা নির্ধারণ করতে বিদ্যমান তথ্যসমূহ ডিওই পর্যালোচনা করবে (যেমন শিক্ষকবৃন্দ এবং সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারীদের কাছ থেকে প্রগ্রেস রিপোর্ট, ক্লাসরুমের কাজ, মূল্যায়ন) ৫. যদি নির্ধারিত হয় যে, নতুন মূল্যায়নের প্রয়োজন আছে, তাহলে আপনাকে জানানো হবে। শুধুমাত্র একটি ক্লাসরুম পর্যবেক্ষণ করা অথবা আপনার অনুমতি সাপেক্ষে অন্য কোন বাড়তি মূল্যায়নের সিদ্ধান্তও ডিওই নিতে পারে।	২. কিন্ডারগার্টেন ভর্তি প্রক্রিয়ায় মাধ্যমে আপনি যে কম্যুনিটি স্কুলসমূহে আবেদন করেছেন সেই স্কুলগুলো পরিবারবর্গকে মধ্য-মার্চে তাদের সিদ্ধান্ত জানিয়ে দেবে।	শীত/বসন্ত

কোন নির্দিষ্ট মূল্যায়ন পরিচালনার অনুরোধও আপনি ডিওই-কে করতে পারেন।		
৬. আপনার সন্তানের জন্য বিশেষ শিক্ষা পরিষেবা অব্যাহত রাখা আবশ্যিক কিনা তা নির্ধারণের জন্য আপনাকে একটি আইইপি সভায় আমন্ত্রণ জানানো হবে এবং যদি আবশ্যিক হয় তাহলে তার জন্য একটি স্কুল-বয়সী আইইপি তৈরি করা হবে। আপনার সন্তানের কিন্ডারগার্টেনে গৃহীত হবার চিঠির (যদি থেকে থাকে) একটি কপি সঙ্গে আনতে হবে। আপনি যদি আইইপি সুপারিশের সাথে একমত না হন, আপনার অন্য একটি আইইপি সভার অনুরোধ, মধ্যস্থতা, একটি নিরপেক্ষ শুনানি, অথবা একটি স্টেট-অভিযোগ জানানোর অধিকার থাকবে। .	৩. এপ্রিলের মাঝামাঝি সময়ের মধ্যে, কিন্ডারগার্টেন ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে আপনার সন্তান যে স্কুলে গৃহীত হয়েছে সেখানে রেজিস্টার করতে হবে।	গ্রীষ্ম
	৪. যে বিশেষ শিক্ষার সুপারিশ করা হয়েছে তা সহ আপনি একটি সুপারিশের নোটিশ পাবেন এবং কোথায় এই পরিষেবা দেয়া হবে তাও আপনি জানবেন। অধিকাংশ ক্ষেত্রে, এই স্কুলটি হবে কিন্ডারগার্টেন ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে আপনার সন্তান যে স্কুলে গৃহীত হয়েছে সেই স্কুলটি। আপনার সন্তানকে যদি বিশেষায়িত (ডিস্ট্রিক্ট ৭৫) স্কুলের জন্য সুপারিশ করা হয়ে থাকে অথবা সে যেস্কুলে গৃহীত হয়েছে সেখানে যদি তার উপযুক্ত পরিষেবা না থাকে, আপনাকে অন্য একটি স্কুল দেয়া হবে। আপনি যদি ভর্তির ব্যাপারে অসম্মত হন, ঐকমত্যে পৌঁছুনো যায় কিনা সেবিষয়ে আপনার আইইপি টিমের ডিস্ট্রিক্ট প্রতিনিধির সাথে আপনি যোগাযোগ করতে পারেন। ঐকমত্যে পৌঁছুতে না পারলে, আপনার অন্য একটি আইইপি সভার অনুরোধ, মধ্যস্থতা, একটি নিরপেক্ষ শুনানি, অথবা একটি স্টেট-অভিযোগ জানানোর অধিকার থাকবে।	বসন্ত/গ্রীষ্ম

সারা বছরব্যাপী, নতুন তথ্য ডিপার্টমেন্ট অব এডুকেশনের ওয়েবসাইটে দেয়া হবে। অনুগ্রহ করে হালনাগাদ তথ্যের জন্য নিচের ঠিকানায় যান:

http://schools.nyc.gov/Academics/SpecialEducation/ParentResources/Enrollment

স্কুল-বয়সী পরিষেবায় উত্তরণের সময় আপনার অধিকারসমূহ

স্কুল-বয়সী পরিষেবায় উত্তরণের সময়, আপনার অধিকার আছে:

- আইইপি টিম কর্তৃক নির্ধারিত যেকোন আবশ্যকীয় নতুন মূল্যায়নে সম্মতি প্রদানে। তবুও, আপনার সম্মতি গ্রহণের জন্য যদি কোন নথিভুক্ত উদ্যোগ থাকে এবং আপনি উত্তর না দেন, আপনার সম্মতি ছাড়াই মূল্যায়ন পরিচালিত হতে পারে। কোন সুনির্দিষ্ট বিষয়ে মূল্যায়নের অনুরোধ জানানোর অধিকারও আপনার আছে।
- আইইপি টিমের একজন সম-অধিকারসম্পন্ন সদস্যে পরিণত হবার এবং সকল আইইপি সভায় উপস্থিতির মাধ্যমে অর্থবহ সিদ্ধান্ত-গ্রহণে অংশগ্রহণ করার। সিদ্ধান্ত-গ্রহণ প্রক্রিয়ায় সহায়তার জন্য আপনার সন্তান সম্পর্কে বিশেষ জ্ঞান বা দক্ষতাসম্পন্ন অন্য কোন ব্যক্তিকে সভায় আনার অধিকারও এর অন্তর্ভুক্ত।
- আইইপি সভার আগে আপনার সন্তানের মূল্যায়ন এবং প্রগ্রেস রিপোর্টের কপি এবং আপনার সন্তানের আইইপির কপিসমূহ দেখে নেবার।
- আপনার সন্তানের ব্যাপারে নেয়া যেকোন সিদ্ধান্তের সাথে আপনি যদি অসম্মত হন, আইইপি টিম-এর একটি নতুন সভা, মধ্যস্থতা, একটি নিরপেক্ষ শুনানি, অথবা একটি স্টেট অভিযোগের অনুরোধ আপনি জানাতে পারেন।
- সিএসই-র কাছে অথবা আপনার সন্তানের স্কুলে লিখিত চিঠি পাঠিয়ে যেকোন সময় সকল বিশেষ শিক্ষা কর্মসূচি এবং পরিষেবার প্রতি আপনার সম্মতি প্রত্যাহার করতে।
- যদি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন কোন বিশেষ ক্লাস সুপারিশ করে থাকে এবং ডিওই নির্দিষ্ট সময়ের মধ্যে (যদি নথিভুক্ত পিতামাতার বিলম্বের কারণ না থাকে) সেই যথাযথ বিশেষ-ক্লাস দিতে না পারে, আপনার সন্তানের জন্য উপযুক্ত কর্মসূচি প্রদান করে স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদিত এমন একটি নন-পাবলিক স্কুলে আপনার সন্তানকে ভর্তি করার অধিকার আপনার আছে। আপনার যদি অনুমোদিত নন-পাবলিক স্কুলে ভর্তির অধিকার থাকে, আপনি এই মর্মে একটি চিঠি পাবেন এবং আপনার সন্তানের জন্য আসন আছে এমন উপযুক্ত স্কুলটি আপনাকে অবশ্যই খুঁজে বের করতে হবে। ডিওই আপনার সন্তানের জন্য একটি উপযুক্ত পাবলিক স্কুল খুঁজে দেবার প্রচেষ্টাও অব্যাহত রাখবে।

সিপিএসই কর্তৃক প্রতিবন্ধী প্রি-স্কুল শিক্ষার্থী হিশেবে শনাক্তকৃত সকল শিক্ষার্থী যাদের বয়স ৩১ ডিসেম্বর, ২০১২ তারিখের আগে ৫ বছর হবে এবং যারা সেপ্টেম্বর, ২০১২-এ স্কুলে ভর্তি হবে তারা:

সুপারিশ পাবে:	*সুপারিশের বিজ্ঞপ্তি যে তারিখের মধ্যে অবশ্যই পাঠাতে হবে:*
১ মার্চের আগে	১৫ জুন
১ মার্চের পরে, কিন্তু ১ এপ্রিলের আগে	১৫ জুলাই
১ এপ্রিলের পরে, কিন্তু ১০ মে-এর আগে	১৫ অগাস্ট
১১ মে-এর পরে	নিয়মিত সুপারিশের জন্য সময়ানুক্রম অনুযায়ী (যেমন সুপারিশের ৬০ স্কুল দিবসের মধ্যে)।

এর অর্থ দাঁড়ায়, আপনার সন্তান ফেব্রুয়ারি মাস বা তার আগে থেকে প্রি-স্কুল বিশেষ শিক্ষা পরিষেবা পেয়ে আসছে, ডিওই ১৫ জুন নাগাদ একটি সুপারিশের নোটিশ পাঠাবে। এই নোটিশে আপনার সন্তানকে যে পরিষেবা প্রদান করা হবে এবং সে যেস্কুলে এই পরিষেবা লাভ করবে তার উল্লেখ থাকবে। অধিকাংশ ক্ষেত্রে, এই স্কুলটি হবে কিন্ডারগার্টেন ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে আপনার সন্তান যেস্কুলটিতে গৃহীত হয়েছে সেই স্কুলটি।

তাছাড়া, যদি নিচে উল্লিখিত সময়ানুক্রমের মধ্যে ডিপার্টমেন্ট অব এডুকেশন আপনার সন্তানের মূল্যায়ন সমাপ্ত না করে (পিতামাতার করণে বিলম্ব হওয়া সংক্রান্ত নথি না থাকলে), এবং আপনার সন্তানের পুনর্মূল্যায়নের জন্য আপনি যদি অনুরোধ জানান, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশনের খরচে একটি স্বাধীন মূল্যায়নের অধিকার আপনার আছে:

পুনর্মূল্যায়নের অনুরোধ যদি নিচে উল্লিখিত তারিখের মধ্যে পাওয়া যায়:	*মূল্যায়ন অবশ্যই শেষ করতে হবে:*
১ মার্চের আগে	১ জুন
১ মার্চের পরে, কিন্তু ১ এপ্রিলের আগে	১ জুলাই
১ এপ্রিলের পরে, কিন্তু ১০ মে-র আগে	১ অগাস্ট
১১ মে-এর পরে	সুপারিশ পাওয়ার ৬০ স্কুল দিবসের মধ্যে

এমনকি ডিওই সময়মত তার পুনর্মূল্যায়ন শেষ করলেও, আপনি ডিওই পরিচালিত মূল্যায়নের সাথে একমত না হলে আপনার একটি স্বাধীন মূল্যায়ন পাবার অধিকার আছে। ডিওই-র কাছে অবশ্যই আপনাকে লিখিতভাবে এই অনুরোধ জানাতে হবে। । ডিপার্টমেন্ট অব এডুকেশন এই স্বাধীন মূল্যায়নের খরচ বহন করবে অথবা মূল্যায়ন সঠিক হয়েছে তা প্রমাণ করতে একটি নিরপেক্ষ শুনানির ব্যবস্থা করবে।

সর্বোপরি, আপনি যখন মধ্যস্থতা বা নিরপেক্ষ শুনানি চালিয়ে যাচ্ছেন তখন আপনার সন্তানের বর্তমান কর্মসূচিতে লেখাপড়া অব্যাহত রাখার অধিকার আপনার রয়েছে। এর অর্থ বিরোধ মীমাংসা না হওয়া পর্যন্ত একজন প্রি-স্কুল শিক্ষার্থী তার বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি থাকতে এবং তার বর্তমান পরিষেবা পেতে পারে। আপনি যদি আইইপি টিমের সুপারিশ চ্যালেঞ্জ করেন, এবং আপনার সন্তানের প্রি-স্কুল কর্মসূচি যদি অনুমোদিত স্কুল-বয়সী কর্মসূচি নাও হয়, আপনি এবং ডিওই আপনার সন্তানের জন্য উপযুক্ত একটি বিকল্প কর্মসূচির বিবেচনা করবেন। আপনি এবং ডিওই ঐকমত্যে না পৌঁছুলে, শুনানী চলাকালে শুনানী অফিসার আপনার সন্তানের ভর্তি বিষয়ে সিদ্ধান্ত নেবেন।

এইসকল এবং অন্যান্য অধিকার সম্পর্কিত বিস্তারিত বিবরণ বিশেষ শিক্ষার পিতামাতা নির্দেশিকায় দেয়া আছে যা http://schools.nyc.gov/Academics/SpecialEducation/ParentResources/default.htm ঠিকানায় এবং প্রসিডিউরাল সেফগার্ড নোটিশ-এ যা http://www.p12.nysed.gov/specialed/publications/policy/coverpsgn109.htm. ঠিকানায় পাওয়া যাবে ।

নিউ ইয়র্ক স্টেটের বিশেষ শিক্ষা আইনে প্রতিবন্ধিতার শ্রেণিবিভাগ

বিশেষ পরিষেবার চাহিদাযুক্ত স্কুল-বয়সী শিক্ষার্থীগণ নিচে উল্লিখিত প্রতিবন্ধিতাসমূহের কোনটির মধ্যে পড়ে তা অবশ্যই শনাক্ত করতে হবে এবং সংশ্লিষ্ট প্রতিবন্ধিতা শিক্ষার্থীর স্কুলের কার্যসম্পাদনায় কীভাবে ব্যাঘাত ঘটাচ্ছে, মূল্যায়ন ও প্রগ্রেস রিপোর্টের ভিত্তিতে তা দেখতে হবে।

প্রতিবন্ধিতা	*বিবরণ*
আত্মমগ্নতা (অটিজম)	ভাষাগত এবং ভাষাগত নয় এমন যোগাযোগ এবং সামাজিক ভাব বিনিময়ে উল্লেখযোগ্য বেড়ে ওঠা সম্পর্কিত অক্ষমতা যা সাধারণত ৩ বছর বয়সের আগে থেকে পরিলক্ষিত হয়।
শ্রুতি-দৃষ্টি প্রতিবন্ধী	একসাথে উল্লেখযোগ্য শ্রুতি এবং দৃষ্টি প্রতিবন্ধী ।
বধিরতা (ডেফনেস)	গুরুতর শ্রুতি-প্রতিবন্ধিতা, যার ফলে শিক্ষার্থী অ্যামপ্লিফায়ারসহ অথবা তা ছাড়া কোন কিছু শোনার পর ভাষাগত তথ্য প্রক্রিয়াকরণে সমস্যায় পড়ে।
আবেগগত সমস্যা (ইমোশন্যাল ডিস্টার্বেন্স)	দীর্ঘ সময় ধরে সামাজিক-আবেগগত বিষয়ে উল্লেখযোগ্য সমস্যা যা শিক্ষণে নেতিবাচক প্রভাব ফেলে এমন স্তরে আছে।
শ্রুতি-প্রতিবন্ধিতা	আংশিক বা পূর্ণ শ্রুতি-প্রতিবন্ধী।
বুদ্ধিগত প্রতিবন্ধিতা	বুদ্ধিগত ক্ষমতা এবং মানিয়ে নেয়ার আচরণে উল্লেখযোগ্য সীমাবদ্ধতা।
শিক্ষণ প্রতিবন্ধিতা	তথ্য প্রক্রিয়াকরণ সম্পর্কিত সমস্যা যা শোনা, চিন্তা করা, রিডিং, রাইটিং, এবং/অথবা গণিত সমাধানের সাথে যুক্ত।
বহুবিধ প্রতিবন্ধিতা (মাল্টিপ্‌ল ডিসঅ্যাবিলিটিজ)	একসাথে দুই বা ততোধিক প্রতিবন্ধিতা যা শিক্ষার্থীর শিক্ষা সংক্রান্ত চাহিদাকে এতটা কঠোর করে তোলে যা প্রতিবন্ধিতা সম্পৃক্ত কোন একটি কর্মসূচির মাধ্যমে পূরণ করা সম্ভব নয়।
হাঁড় সম্পর্কিত প্রতিবন্ধিতা (অর্থপেডিক ইমপ্যায়ারমেন্ট)	উল্লেখযোগ্য শারীরিক প্রতিবন্ধীত্ব যা তার চলাফেরায় ব্যাঘাত ঘটায় অথবা সে চলাফেরায় অক্ষম।
অন্য স্বাস্থ্যজনিত প্রতিবন্ধিতা (আদার হেলথ্ ইমপ্যায়ারমেন্ট)	কোন রোগ অথবা স্বাস্থ্য সমস্যা যা এতটা প্রকট যে তা শিক্ষার্থীর শিক্ষণে নেতিবাচক প্রভাব ফেলে।
কথাবলা অথবা ভাষা প্রতিবন্ধিতা	ভাষার শব্দ সঠিকভাবে উচ্চারণ বিষয়ে সমস্যা অথবা ভাবপ্রকাশে অর্থপূর্ণ ভাষার ব্যবহারে সমস্যা।

আঘাতজনিত মস্তিষ্ক বৈকল্য (ট্রম্যাটিক ব্রেইন ইনজুরি)	দুর্ঘটনা অথবা আঘাতপ্রাপ্ত হবার কারণে গুরুতর মস্তিষ্ক বৈকল্যসহ শারীরিক অবস্থা যা বিভিন্ন স্তরের হতে পারে এবং তা শিক্ষার্থীর শিক্ষণ, আচরণ, সামাজিক দক্ষতা, এবং ভাষার উপর প্রভাব ফেলতে পারে।
দৃষ্টি প্রতিবন্ধী যার অন্তর্ভুক্ত অন্ধত্ব (ভিজুয়াল ইমপ্যায়ারমেন্ট, ব্লাইন্ডনেস)	আংশিক বা পূর্ণ অন্ধ

স্কুল-বয়সী পরিষেবা

ন্যূনতম নিষেধাত্মক পরিবেশ (এলআরই)

আমাদের লক্ষ্য যতটা সম্ভব নিয়মিতভাবে বেড়ে ওঠা সহপাঠীদের সাথে প্রতিবন্ধী শিক্ষার্থীদের তাদের জোনভুক্ত স্কুলে শিক্ষাদান করা। অতএব, আইইপি টিমের সর্বপ্রথম অবশ্যই বিবেচনা করতে হবে সাধারণ শিক্ষার ক্লাসে আপনার সন্তানের চাহিদাপূরণ সম্ভব কিনা। অন্য পরিবেশ, যেমন ক্ষুদ্র বিশেষ ক্লাস অথবা বিশেষ স্কুল শুধু তখনই বিবেচনা করা হবে যদি তাকে সাধারণ শিক্ষার ক্লাসে সহায়তা এবং পরিষেবাসহ অর্থপূর্ণ সাফল্য দেয়া সম্ভব না হয়।

প্রতিবন্ধী শিক্ষার্থীদেরকে যে অব্যাহত পরিষেবা আমরা দিয়ে থাকি তার বর্ণনা নিচে দেয়া হলো। প্রত্যেক শিক্ষার্থীর অনন্য চাহিদা পূরণে, এই পরিষেবাসমূহ মিলিতভাবে এবং পূর্ণ দিবসের জন্য অথবা শুধুমাত্র নির্দিষ্ট বিষয়ে প্রদান করা যেতে পারে। যেমন, আপনার সন্তানের একটি ক্ষুদ্র গ্রুপে এক বা দুটি বিষয়ে একজন বিশেষ শিক্ষার শিক্ষকের সহায়তার চাহিদা থাকতে পারে, কিন্তু সে দিনের বাকি সময়টা সাধারণ শিক্ষার ক্লাসে অংশগ্রহণ করতে পারে। এই বিশেষ শিক্ষক আবার আপনার সন্তানের সাধারণ শিক্ষার ক্লাসরুমের চাহিদা পূরণে সাধারণ শিক্ষার শিক্ষকের সাথেও কাজ করতে পারেন।

স্কুলগুলোতে প্রতিবন্ধী শিক্ষার্থীদের তাদের অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে পাঠ্যক্রম বহির্ভূত ও নন-অ্যাকাডেমিক কর্মকাণ্ডে (যেমন শরীরচর্চা শিক্ষা, অবসর, স্কুল-ছুটি পরবর্তী) অংশগ্রহণের সুযোগও অবশ্যই থাকতে হবে।

১- *অবমুক্তি সহায়ক পরিষেবা*

কিন্ডারগার্টেনে ঢোকার পর কিছু শিক্ষার্থীর আর বিশেষ শিক্ষা পরিষেবার প্রয়োজন হয়না। এই শিক্ষার্থীরা “অবমুক্ত” (ডিক্ল্যাসিফাইড) এবং তারা বিশেষ শিক্ষা পরিষেবা ছাড়া সাধারণ শিক্ষার ক্লাসে যাবে। তবে শিক্ষার্থী যখন একটি পূর্ণকালীন সাধারণ শিক্ষার পরিবেশে প্রথম বছর ক্লাস করবে, তখন ডিওই সরাসরি শিক্ষার্থীকে অথবা তার শিক্ষককে সহায়ক পরিষেবা প্রদান করতে পারে। এইসব পরিষেবার অন্তর্ভুক্ত হতে পারে, কিন্তু এতেই সীমিত নয়, শিক্ষানির্দেশনামূলক সহায়তা, সংশোধন, শিক্ষা-সংক্রান্ত সুবিধা এবং পরিমার্জন, তাছাড়া আরও আছে ব্যক্তিগত এবং/অথবা দলীয় সংশ্লিষ্ট পরিষেবা যেমন কথা বলার ক্ষমতা সংক্রান্ত বা পরামর্শ বিষয়ক।

একজন শিক্ষার্থী যখন আর বিশেষ শিক্ষা পরিষেবার যোগ্য থাকে না তখন আইইপি টিম তাকে অবমুক্ত বলে সুপারিশ করে, শিক্ষার্থীর যদি প্রয়োজন হয়, তাহলে কী ধরনের পরিষেবা প্রয়োজন, টিম অবশ্যই তার ব্যাখ্যা দেবে।

২- *সম্পূরক পরিচর্যাকারী সহায়তা এবং পরিষেবাসহ সাধারণ শিক্ষা*

বিশেষ শিক্ষা পরিষেবার সুপারিশের আগে, আইইপি টিম অবশ্যই প্রথম সম্পূরক পরিচর্যাকারী সহায়তা এবং পরিষেবার পূর্ণ সুযোগসমূহ বিবেচনা করে যা সাধারণ শিক্ষার ক্লাসরুমে অংশগ্রহণের সহায়তায় আপনার সন্তানকে প্রদান করা হতে পারে এবং অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে সে পূর্ণ মাত্রায় শিক্ষালাভ করতে পারে।

সম্পূরক পরিচর্যাকারী সহায়তা এবং পরিষেবার অন্তর্ভুক্ত, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়, নিচে উল্লিখিত উপকরণ, যন্ত্রপাতি, এবং সুযোগ-সুবিধা:

➢ ***আচরণ সম্পর্কিত হস্তক্ষেপ অথবা সহায়তা পরিকল্পনা:*** যেসকল শিক্ষার্থীর আচরণ তাদের শিক্ষণে ব্যাঘাত ঘটায়, সেই আচরণের কোনটি স্কুলে সমস্যা সৃষ্টি করছে তা নির্ধারণে তাদের জন্য একটি কার্যকর আচরণ মূল্যায়ন পরিচালনা আবশ্যিক হয়ে পড়ে সে যে আচরণ করছে তার জন্য ব্যবস্থা গ্রহণের উপায় বের করা জরুরি হয়ে পড়ে। একটি কার্যকর আচরণ মূল্যায়নের (ফাংশনাল বিহেভিয়ারাল অ্যাসেসমেন্ট) ফলে আচরণ সম্পর্কিত হস্তক্ষেপ পরিকল্পনা (বিআইপি) তৈরি হয় যার মধ্যে কিছু কৌশলের বিবরণ থাকে যেগুলো শিক্ষার্থীর ইতিবাচক আচরণ বৃদ্ধির লক্ষ্যে ব্যবহৃত হয়।

- ***বিশেষ ব্যবস্থা*** শিক্ষার্থীকে তার সতীর্থদের মত একই পাঠক্রমের সুযোগ দেবে। বিশেষ ব্যবস্থার উদাহরণের মধ্যে আছে অডিওটেপ, বড় হরফে প্রিন্ট করা বই, ব্রেইল সামগ্রী, ক্যালকুলেটর, টেক্সট টু স্পিচ টেকনোলজি, অথবা ওয়ার্ড প্রসেসরের ব্যবহার। এই বিশেষ ব্যবস্থাগুলো শিক্ষানির্দেশনা এবং পরীক্ষা উভয় ক্ষেত্রে ব্যবহৃত হয়।

- ***পরিমার্জন*** শিক্ষার্থীকে যা শেখানো হচ্ছে তা অভিযোজন করে অথবা তার জটিলতার স্তর পরিবর্তন করে পাঠক্রমকে শিক্ষার্থীর কাছে উপস্থাপন করে। পরিমার্জনের উদাহরণের মধ্যে অন্তর্ভুক্ত আছে ফল কী হবে তার ভিত্তিতে পরিকল্পনা পুনর্বিন্যাস বা প্রদত্ত কাজের বিষয় পরিবর্তন।

সম্পূরক পরিচর্যাকারী সহায়তা এবং পরিষেবার মধ্যে আরও যা অন্তর্ভুক্ত থাকতে পারে, কিন্তু এতেই তা সীমিত থাকবে না, তা হলো, বিভিন্ন কর্মী সহায়তাসমূহ যেমন সংশ্লিষ্ট পরিষেবা প্রদানকারী, বিশেষ শিক্ষার শিক্ষকবৃন্দ, এবং প্যারাপ্রফেশনালগণ। শিক্ষার্থীর ব্যক্তিক চাহিদা পূরণে সম্পূরক পরিচর্যাকারী সহায়তা এবং পরিষেবা একযোগে বিভিন্নভাবে একাধিকটি প্রদান করা হতে পারে। সাধারণ শিক্ষার ক্লাসে শিক্ষার্থীর অংশগ্রহণের জন্য সহায়ক বাড়তি বিশেষ শিক্ষা পরিষেবা সম্পর্কে তথ্য পেতে পৃষ্ঠা ১৪ দেখুন।

৩. ***<u>সংশ্লিষ্ট পরিষেবা</u>***

প্রতিবন্ধী শিক্ষার্থী যাতে শিক্ষানির্দেশনা থেকে উপকৃত হয় তাতে সহায়তার জন্য আবশ্যিক যে সংশ্লিষ্ট পরিষেবাসমূহ আছে, সেগুলো হলো শিক্ষানির্দেশনামূলক, উন্নয়নমূলক, সংশোধণমূলক এবং অন্যান্য সহায়তামূলক। চাহিদার পরিবর্তনের সাথে সাথে প্রি-স্কুল থেকে স্কুল-বয়সী শিক্ষার্থীর সংশ্লিষ্ট পরিষেবার চাহিদা বদলাতে পারে। আপনার সন্তানকে প্রদত্ত সংশ্লিষ্ট পরিষেবাটি হতে পারে আপনার সন্তানের একমাত্র বিশেষ শিক্ষা পরিষেবা, অথবা অন্য বিশেষ শিক্ষা পরিষেবার সাথেও এগুলো দেয়া হতে পারে যেমন বিশেষ ক্লাস পরিষেবা। সংশ্লিষ্ট পরিষেবার অন্তর্ভুক্ত:

পরামর্শ প্রদান করা হয় স্কুলে শিক্ষার্থীর যথাযথ আচরণ সংক্রান্ত সামাজিক এবং মানসিক ক্রিয়ার উন্নতি, শৃঙ্খলা, আত্ম-নিয়ন্ত্রণ, দ্বন্দ্ব নিরসন, পলায়নপরতা অথবা ভান করা, নিচু আত্মমর্যাদাবোধ, এবং নিজেকে পরিপার্শ্বিকতার সাথে খাপ খাওয়ানোর দক্ষতা ইত্যাদি বৃদ্ধির উদ্দেশ্যে শিক্ষণে যা উল্লেখযোগ্য ব্যঘাত ঘটায়। শিক্ষার্থীর যদি কোন নির্দিষ্ট প্রদানকারীর কাছ থেকে পরিষেবা আবশ্যক হয় (যেমন গাইডেন্স কাউন্সেলর, স্কুল মনোঃবিদ, অথবা সমাজ-কর্মী), তার আইইপিতে অবশ্যই সে বিষয়ে উল্লেখ থাকতে হবে।

শ্রুতি শিক্ষা পরিষেবা শিক্ষার্থীর গ্রহণ/প্রকাশ ক্ষমতার মাধ্যমে যোগাযোগের দক্ষতা বৃদ্ধির জন্য কথা-বলা, রিডিং, শ্রুতি প্রশিক্ষণ, এবং ভাষার উন্নতি বিষয়ে শিক্ষানির্দেশনা প্রদান করে।

অকুপেশনাল থেরাপি কতগুলো উদ্দেশ্যমূলক কর্মকাণ্ডের একটি কর্মসূচি প্রদান করে যা খাপ-খাওয়ানো এবং কর্মক্ষম থাকার দক্ষতা বজায় রাখা, তা বৃদ্ধি, অথবা পুনরুদ্ধারের লক্ষ্যে ব্যবহৃত হয় যার অন্তর্ভুক্ত সকল শিক্ষা-সংক্রান্ত কর্মকাণ্ডে সুক্ষ্ম চলন শক্তি এবং মৌখিক চলন শক্তির ব্যবহার।

পরিচিতি এবং গতিশীলতা পরিষেবা পরিচিতি পুনরুদ্ধার, তা রক্ষা করা এবং প্রতিষ্ঠার জন্য এবং সেই পথে অগ্রসর হতে শিক্ষার্থীর স্থান সম্পর্কিত এবং পরিবেশগত ধারণা এবং তার ইন্দ্রিয়ের মাধ্যমে পাওয়া তথ্যের ব্যবহারে উন্নতি ঘটায় (যেমন শব্দ, তাপমাত্রা, কম্পন)। দৃষ্টি সংক্রান্ত প্রতিবন্ধী শিক্ষার্থীদের এই পরিষেবা প্রদান করা হয়।

পিতামাতার জন্য পরামর্শ এবং প্রশিক্ষণ পিতামাতাদের তাদের সন্তানের বিশেষ চাহিদা সম্পর্কে বুঝতে সহায়তা প্রদান করে, সন্তানের বেড়ে ওঠা বিষয়ে তথ্য দেয়, এবং তাদের সন্তানের আইইপি বাস্তবায়নে সহায়তা করায় প্রয়োজনীয় দক্ষতা অর্জনের সুযোগ দেয়। যেসকল বিশেষ ক্লাসের কর্মীর অনুপাত ৮:১:১, ৬:১:১ এবং ১২:১:৪ সেগুলোর শিক্ষার্থীদের পিতামাতার জন্য কর্মসূচির অংশ হিশেবে সাধারণত এই পরিষেবাটি প্রদান করা হয়। এগুলি প্রাপ্ত-বয়স্কদের পরামর্শ পরিষেবা নয় এবং পিতামাতাদের ব্যক্তিগত অথবা শিক্ষাবিষয়ক চাহিদা পূরণও এর লক্ষ্য নয়।

ফিজিক্যাল থেরাপির অন্তর্ভুক্ত সেইসব কর্মকাণ্ড যা বিভিন্ন পরিবেশে শিক্ষার্থীর সাধারণ চলন শক্তি বৃদ্ধি, গতিশীলতা, ভারসাম্য রক্ষা, সমন্বয় ইত্যাদি বজায় রাখা, বৃদ্ধি, অথবা পুনরুদ্ধারে ব্যবহার করা হয় - এসব ব্যবহৃত হয় কিন্তু এতেই সীমিত নয়, ক্লাসরুমে, জিমে, বাথরুমে, খেলার মাঠে, সিঁড়িতে, এবং ক্লাস থেকে ক্লাসে যাবার সময়।

স্কুল স্বাস্থ্য পরিষেবা শিক্ষার্থীর নির্দিষ্ট স্বাস্থ্যগত চাহিদা পূরণের লক্ষ্যে একজন স্কুল নার্স অথবা প্যারাপ্রফেশনাল প্রদান করেন যা শিক্ষার্থীর নিরাপদ শিক্ষা পরিবেশ নিশ্চিত করার জন্য তার চিকিৎসক নথিবদ্ধভাবে সুপারিশ করেন।

স্পিচ/ল্যাংগুয়েজ থেরাপি শিক্ষার্থীর শ্রুতিশক্তি সম্পর্কিত সমস্যার সমাধান দিয়ে থাকে (যেমন শিক্ষার্থীরা যেভাবে শব্দ এবং ভাষা বোঝে), উচ্চারণ/ধ্বনি সম্পর্কিত দক্ষতা, বোঝার ক্ষমতা, এবং বাক্যের ব্যবহার, ভাষার পরিবেশগত ব্যবহার, ধ্বনি তৈরি, এবং সাবলীলতা।

দৃষ্টি-সংক্রান্ত শিক্ষা পরিষেবা ব্রেইল, নেমেথ কোড, বড় হরফের প্রিন্ট, চোখে ব্যবহৃত হয় এমন অপটিক্যাল এবং নন-অপটিক্যাল ক্ষীণ দৃষ্টিবিশিষ্টদের প্রয়োজনীয় যন্ত্রপাতি ব্যবহার, এবং অন্যান্য প্রয়োজনীয় দক্ষতাসমূহের ব্যবহার করে শিক্ষানির্দেশনা প্রদানের জন্য এই পরিষেবার পরিকল্পনা প্রণীত হয়েছে যা দিয়ে অ্যাকাডেমিক, সামাজিক, বৃত্তিমূলক, জীবনের সাথে খাপ-খাওয়ানো দক্ষতা, এবং স্পর্শেন্দ্রিয়, দৃষ্টি এবং শ্রুতি কৌশল ব্যবহার করে সাক্ষরতা এবং তথ্য সংগ্রহ সম্ভব হবে।

যেকোন সুপারিশকৃত সংশ্লিষ্ট পরিষেবা আপনার সন্তানের আইইপিতে উল্লিখিত থাকে। সপ্তাহে অথবা মাসে কতবার আপনার সন্তান এই পরিষেবা লাভ করবে (কত ঘনঘন), অধিবেশনের দৈর্ঘ্য (কতক্ষণের) দলের সর্বোচ্চ আকৃতি (যদি আপনার সন্তানকে কোন দলে পরিষেবা প্রদান করা হয়), পরিষেবা যে ভাষায় প্রদান করা আবশ্যিক, এবং পরিষেবা আপনার সন্তানের ক্লাসরুমে প্রদান করা হবে না-কি অন্য কোন পৃথক রুমে (স্থান), সেসবও তার আইইপিতে উল্লিখিত থাকবে।

৪.- ***<u>বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবা(এসইটিএসএস)</u>***

বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবা (সাধারণত "এসইটিএসএস" বলা হয়) বলতে বোঝায় <u>একজন বিশেষ শিক্ষার শিক্ষক</u> কর্তৃক প্রদত্ত বিশেষভাবে তৈরি এবং/অথবা সম্পূরক শিক্ষানির্দেশনা। শিক্ষার্থী যখন একজন বিশেষ শিক্ষার শিক্ষকের কাছ থেকে মাঝে মাঝে পরিষেবা পাচ্ছে তখন তাকে তার সাধারণ শিক্ষার ক্লাসরুমে রাখায় সহায়তা দেয়ার জন্য বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবার ব্যবস্থা করা হয়। সাধারণ শিক্ষার ক্লাসরুমে অংশগ্রহণে সহায়তা করায় এবং আপনার সন্তানকে বিশেষভাবে প্রণীত, এবং/অথবা সম্পূরক শিক্ষানির্দেশনা প্রদান করতে বিশেষ শিক্ষার শিক্ষক তার সাথে <u>সরাসরি</u> কাজ করতে পারেন। শিক্ষার্থীকে যা শেখানো হচ্ছে সেসব বিষয়ে অথবা বিভিন্ন শিক্ষানির্দেশনা পদ্ধতিতে বিশেষ ব্যবস্থার সুযোগ প্রদান করা অথবা শিক্ষানির্দেশনা পদ্ধতি পরিমার্জন করা এর অন্তর্ভুক্ত হতে পারে। উদাহরণস্বরূপ ছবির ব্যবহার, হাইলাইট করা ওয়ার্ক শিট, এবং/অথবা নির্দেশনা সহজীকরণ। আপনার সন্তানের ব্যক্তিক চাহিদা পূরণে শিক্ষণ পরিবেশকে উপযোগী করতে এবং/অথবা শিক্ষানির্দেশনার কৌশল এবং পদ্ধতির সাথে খাপ-খাওয়াতে বিশেষ শিক্ষার শিক্ষক আপনার সন্তানের সাধারণ শিক্ষার শিক্ষকের সাথে <u>পরোক্ষভাবে</u> কাজ করতে পারেন।

- সাধারণ শিক্ষার ক্লাসরুম, সাধারণ শিক্ষার ক্লাসরুমের বাইরে অন্য কোন স্থানে, অথবা কয়েকটি স্থানে মিলিতভাবে বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবা প্রদান করা হতে পারে।

- দলীয়ভাবে প্রদান করা হলে, বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবার ক্লাসে <u>একসময়ে আটজনের অধিক শিক্ষার্থী থাকবে না</u>।

- বিশেষ শিক্ষার শিক্ষক সহায়তা পরিষেবা সপ্তাহে ন্যূনতম দুই ঘণ্টা এবং সর্বাধিক প্রতিদিনের ৫০% সময় ধরে দেয়া হতে পারে।

- এই পরিষেবা প্রতিদিন কয়টি পিরিয়ডে এবং কোথায়, সরাসরি আপনার সন্তানকে প্রদান করা হবে নাকি তার সাধারণ শিক্ষার শিক্ষকের মাধ্যমে পরোক্ষভাবে দেয়া হবে, অথবা একসাথে দুভাবেই প্রদান করা হবে, তার উল্লেখ আপনার সন্তানের আইইপিতে অবশ্যই থাকতে হবে।

- আমাদের কিছু স্কুলে এসইটিএসএস পরিষেবা ডিস্ট্রিক্ট ৭৫-এর প্রদানকারীগণ কর্তৃক দেয়া হয়। বিশেষায়িত ডিস্ট্রিক্ট ৭৫ স্কুলসমূহের বিশেষ ক্লাসে আগে যেসকল শিক্ষার্থী বিশেষ শিক্ষা পরিষেবা লাভ করছিলো এগুলি সাধারণত তাদের জন্য।

<u>৫- সমন্বিত সহ-শিক্ষকতা (আইসিটি)</u>

সমন্বিত সহ-শিক্ষকতা (যা আগে সিটিটি বা সহযোগিতামূলক দলীয় শিক্ষকতা নামে পরিচিত ছিল) ক্লাসরুমে, প্রতিবন্ধী এবং অপ্রতিবন্ধী শিক্ষার্থীগণকে দুজন শিক্ষক একসাথে শিক্ষাদান করেন: একজন সাধারণ শিক্ষার শিক্ষক এবং অন্যজন বিশেষ শিক্ষার শিক্ষক। তারা একসাথে, বিশেষ ব্যবস্থা এবং পরিমার্জনের মাধ্যমে শিক্ষার্থীদের ব্যক্তিক চাহিদা পূরণ করে শিক্ষাদান করেন এবং পুরো ক্লাসের সাধারণ শিক্ষার পাঠক্রমে অংশগ্রহণের সুযোগ থাকে সে বিষয়টি নিশ্চিত করেন। যেসব শিক্ষার্থী সমন্বিত সহ-শিক্ষকতা পরিষেবা লাভ করছে তারা যেন সংশ্লিষ্ট পরিষেবা, সহায়ক টেকনোলজি, প্যারাপ্রফেশনাল পরিষেবা, অথবা অন্য সম্পূরক পরিচর্যা সহায়তা এবং পরিষেবাও পায়।

সমন্বিত সহ-শিক্ষকতা পূর্ণকালীন অথবা নির্দিষ্ট বিষয়ের কোন ক্ষেত্রে প্রদান করা যেতে পারে। যদি তা খণ্ডকাল প্রদান করা হয়,তাহলে তা নির্দিষ্টভাবে আপনার সন্তানের আইইপিতে অবশ্যই উল্লিখিত থাকতে হবে, এই পরিষেবার জন্য শিক্ষার্থীর প্রতিদিন কয়টি পিরিয়ডের প্রয়োজন হবে স্পষ্টভাবে তার উল্লেখ থাকবে।

৬- বিশেষ ক্লাস

সম্পূর্ণভাবে প্রতিবন্ধী শিক্ষার্থীদের নিয়ে একটি বিশেষ ক্লাস গঠিত হয়। শিক্ষার্থীদের অ্যাকাডেমিক এবং/অথবা ব্যবস্থাপনা চাহিদার উপর নির্ভর করে বিশেষ ক্লাসের কর্মী সংখ্যা কত হবে। এলিমেন্টারি স্কুলের শিক্ষার্থীদের বিশেষ ক্লাসের সর্বোচ্চ আকৃতি ছয় থেকে বারো জন শিক্ষার্থীবিশিষ্ট হতে পারে। বিশেষ ক্লাসের কর্মীগণের মধ্যে একজন বিশেষ শিক্ষার শিক্ষক এবং এক থেকে চার জন প্যারাপ্রফেশনাল সেখানে থাকতে পারেন। আপনার সন্তানের যদি শিক্ষণের জন্য আরও কঠোর এবং সার্বক্ষণিক প্রাপ্ত বয়স্ক তদারকি আবশ্যিক হয়, তাকে আরও কঠোর শিক্ষার্থী-কর্মী অনুপাতের ক্লাসের জন্য সুপারিশ করা হবে। আপনার সন্তানের আইইপি-তে অবশ্যই উল্লিখিত থাকবে যে, যে কর্মী অনুপাত আপনার সন্তানের আইইপি টিম নির্ধারণ করে দেয়, সেটিই তার জন্য সর্বোপযুক্ত।

কম্যুনিটি স্কুলে বিশেষ (যেমন জোনভুক্ত স্কুল) ক্লাস পূর্ণকালীন অথবা নির্দিষ্ট বিষয়ের উপর হতে পারে। যদি তা খণ্ডকাল প্রদান করা হয়, তাহলে সেটি আপনার সন্তানের আইইপিতে নির্দিষ্টভাবে উল্লিখিত থাকবে, এই পরিষেবার জন্য শিক্ষার্থীর প্রতিদিন কয়টি পিরিয়ডের প্রয়োজন হবে স্পষ্টভাবে তার উল্লেখ সেখানে থাকবে।

অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে শিক্ষালাভে আপনার সন্তানকে প্রদত্ত সুযোগ প্রতিটি পরিস্থিতির বেলায় ভিন্ন।

কম্যুনিটি স্কুলসমূহ আপনার সন্তানকে তার সাধারণ শিক্ষার সতীর্থদের সাথে সময় অতিবাহিত করার সর্বাধিক সুযোগ প্রদান করে।

প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য বিশেষায়িত পাবলিক স্কুলের কর্মসূচি (ডিস্ট্রিক্ট ৭৫)

নিউ ইয়র্ক সিটিতে, প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য বিশেষায়িত পাবলিক স্কুলসমূহ বিশেষায়িত শিক্ষানির্দেশনামূলক পরিষেবা এবং যেসকল শিক্ষার্থী আত্মমগ্নতার বিভিন্ন স্তরে আছে, যারা জ্ঞানাত্মক মন্থরতায় ভুগছে, মানসিকভাবে গুরুতর চ্যালেঞ্জের মুখোমুখি, চলনশক্তি রহিত, এবং/অথবা বহুবিধ প্রতিবন্ধী, তাদের জন্য বিশেষায়িত পরিবেশ প্রদান করে। এইসব বিশেষায়িত পাবলিক স্কুলগুলো ডিস্ট্রিক্ট ৭৫-এর সাংগঠনিক কাঠামোর অন্তর্ভুক্ত।

বিশেষায়িত ডিস্ট্রিক্ট ৭৫-এর পাবলিক স্কুলের ক্লাসগুলো স্ব-নিয়ন্ত্রিত স্কুল বিল্ডিংয়ে অথবা সিটিব্যাপী বিভিন্ন কম্যুনিটি স্কুলে অবস্থিত। উদাহরণস্বরূপ, আপনি যখন ডিস্ট্রিক্ট ৭৫-এর কোন ক্লাস "পি১৫-এর পি৪-এ," অবস্থিত দেখেন, তখন বুঝতে হবে পি৪ একটি ডিস্ট্রিক্ট ৭৫-এর কর্মসূচি যা পি১৫-তে অবস্থিত এবং পি১৫ একটি কম্যুনিটি স্কুল। বিশেষায়িত ডিস্ট্রিক্ট ৭৫-এর স্কুলসমূহ পূর্ণ-কাল বিশেষ ক্লাস পরিষেবা প্রদান করে। বিশেষায়িত পাবলিক স্কুলগুলো সাধারণত অপ্রতিবন্ধী সতীর্থ শিক্ষার্থীদের সাথে সংশ্লিষ্ট হবার সুযোগ দেয় না। অপ্রতিবন্ধী সতীর্থদের সাথে সংশ্লিষ্ট এবং অন্তর্ভুক্ত হবার সুযোগ ডিস্ট্রিক্ট ৭৫-এর কর্মীদের সহায়তায় শিক্ষার্থীর আইইপির উপর নির্ভর করে।

কম্যুনিটি স্কুল এবং/অথবা ডি৭৫ ক্লাসগুলোর বিশেষ ক্লাসে বিভিন্ন শিক্ষার্থী/কর্মী অনুপাতের বিবরণ নিচে দেয়া হল:

বিশেষ ক্লাসের অনুপাত ১২:১

- প্রতি ক্লাসে বারো (১২) জনের অধিক শিক্ষার্থী নয়
- একজন পূর্ণ-কাল বিশেষ শিক্ষার শিক্ষক

অ্যাকাডেমিক এবং/অথবা আচরণ ব্যবস্থাপনার চাহিদাযুক্ত শিক্ষার্থী যাদের স্ব-নিয়ন্ত্রিত পরিবেশে বিশেষায়িত শিক্ষানির্দেশনা আবশ্যিক এটি তাদের ভর্তির জন্য।

বিশেষ ক্লাসের অনুপাত ১২:১:১

- প্রতি ক্লাসে বারো (১২) জনের অধিক শিক্ষার্থী নয়
- একজন পূর্ণ-কাল বিশেষ শিক্ষার শিক্ষক
- একজন পূর্ণ-কাল বিশেষ শিক্ষার শিক্ষক

এটি অ্যাকাডেমিক এবং/অথবা আচরণ ব্যবস্থাপনার চাহিদাযুক্ত শিক্ষার্থী যাদের শিক্ষালাভে এই চাহিদাসমূহ ব্যাঘাত সৃষ্টি করছে এবং যাদের বাড়তি প্রাপ্ত-বয়স্ক সহায়তা আবশ্যিক এবং স্ব-নিয়ন্ত্রিত পরিবেশে বিশেষায়িত শিক্ষানির্দেশনার প্রয়োজন আছে যাতে তারা তাদের সর্বশ্রেষ্ঠটি অর্জন করতে পারে সেই রকম শিক্ষার্থীদের ভর্তির স্থান।

বিশেষ ক্লাসের অনুপাত ৮:১:১

- প্রতি ক্লাসে আট (৮) শিক্ষার্থীর বেশি নয়
- একজন পূর্ণ-কাল বিশেষ শিক্ষার শিক্ষক
- একজন পূর্ণ-কাল প্যারাপ্রফেশনাল

যেসকল শিক্ষার্থীর সর্বদা নিবিড় তত্ত্বাবধান আবশ্যিক, যাদের উল্লেখযোগ্য পরিমাণ ব্যক্তিক মনোযোগ, মধ্যস্থতা এবং তীব্র আচরণ ব্যবস্থাপনা ও বাড়তি প্রাপ্ত-বয়স্ক সহায়তার প্রয়োজন এটি তাদের জন্য ভর্তির স্থান।

বিশেষ ক্লাসের অনুপাত ৬:১:১

- প্রতি ক্লাসে ছয় (৬) জন শিক্ষার্থীর অধিক নয়
- একজন পূর্ণ-কাল বিশেষ শিক্ষার শিক্ষক
- একজন পূর্ণ-কাল প্যারাপ্রফেশনাল

এই ক্লাসগুলো অ্যাকাডেমিক, সামাজিক এবং/অথবা পারস্পরিক সম্পর্ক উন্নয়ন, শারীরিকভাবে বেড়ে ওঠা, এবং ব্যবস্থাপনাসহ বেশিরভাগ অথবা সকল বিষয়ে অত্যন্ত উচ্চ চাহিদাযুক্ত শিক্ষার্থীদের পরিষেবা প্রদান করে। শিক্ষার্থীদের আচরণকে আক্রমনাত্মক, স্ব-নিপীড়ক অথবা গভীর আত্মমগ্ন বলে বিবেচনা করা হয় যা তার ভাষার দক্ষতা অর্জন এবং স্বাভাবিক ব্যবহারে ও সামাজিক দক্ষতা গড়ে তোলায় উল্লেখযোগ্য সমস্যার সৃষ্টি করে। এই সকল শিক্ষার্থীর জন্য অত্যন্ত কঠোর ব্যক্তিক কর্মসূচি, অবিরাম প্রাপ্ত-বয়স্ক তত্ত্বাবধান, সকল কাজ-কর্মে সংশ্লিষ্ট রাখার লক্ষ্যে সাধারণত একটি বিশেষায়িত আচরণ ব্যবস্থাপনা কর্মসূচি, এবং স্পিচ/ভাষা থেরাপির একটি কর্মসূচি (এর অন্তর্ভুক্ত হতে পারে বর্ধিত/বিকল্প যোগাযোগ) আবশ্যিক।

বিশেষ ক্লাসের অনুপাত ১২:১:৪

- প্রতি ক্লাসে বারো (১২) জনের অধিক শিক্ষার্থী নয়
- একজন পূর্ণ-কাল বিশেষ শিক্ষার শিক্ষক
- প্রতি তিনজন শিক্ষার্থীর জন্য একজন অতিরিক্ত কর্মী (প্যারাপ্রফেশনাল)

সীমিত ভাষা-জ্ঞান, অ্যাকাডেমিক এবং স্বাধীন কর্মক্ষমতাসহ বহুবিধ প্রতিবন্ধী শিক্ষার্থীদের পরিষেবা প্রদানের এই ক্লাস গঠিত। এই সকল শিক্ষার্থীর জন্য মূলত আবাসিক এবং চিকিৎসা সম্পর্কিত একটি কর্মসূচি আবশ্যিক যার মধ্যে থাকবে দৈনন্দিন জীবন-যাপনের দক্ষতা , পারস্পরিক সম্পর্ক গড়ার দক্ষতার উন্নয়ন, সচেতনতা জাগিয়ে তোলা, এবং নিরাময়ের ব্যবস্থা।

৭-স্টেটের সহায়তাপ্রাপ্ত স্কুলসমূহ

স্টেটের সহায়তাপ্রাপ্ত স্কুলসমূহ (যেগুলো ৪২০১ স্কুল হিশেবেও পরিচিত) বধির, অন্ধ, গুরুতর মানসিক বিপর্যস্ত, অথবা শারীরিকভাবে প্রতিবন্ধী শিক্ষার্থী এবং যেসকল শিক্ষার্থী সিএসই কর্তৃক এই ধরনের কর্মসূচির যোগ্য বলে শনাক্তকৃত হয়েছে তাদের কঠোর বিশেষ শিক্ষা পরিষেবা প্রদান করে। যেসকল শিক্ষার্থীর প্রতি সপ্তাহে পাঁচ দিন ২৪-ঘণ্টার আবাসিক পরিষেবা আবশ্যিক, স্টেট-সহায়তাপ্রাপ্ত কিছু স্কুল তাদেরকে পরিষেবা প্রদান করে।

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদিত নন-পাবলিক স্কুল (দিনের)

যেসকল শিক্ষার্থীর শিক্ষা সংক্রান্ত চাহিদা পাবলিক স্কুলের কর্মসূচিতে পূরণ সম্ভব নয়, তাদেরকে নিউ ইয়র্ক স্টেট অনুমোদিত নন-পাবলিক স্কুলগুলো কর্মসূচি দিয়ে থাকে। স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের স্কুলগুলোতে শুধুমাত্র প্রতিবন্ধী শিক্ষার্থীরা ভর্তি হয়, অতএব অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের সাথে শিক্ষা পাবার কোন সুযোগ নেই। আইইপিতে সুপারিশকৃত পরিষেবা প্রদানে সক্ষম হলেই কোন স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের (এসইডি) নন-পাবলিক স্কুল একজন শিক্ষার্থীকে ভর্তি করে।

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট অনুমোদিত নন-পাবলিক স্কুল (আবাসিক)

আবাসিক স্কুলগুলোর পরিবেশ এমন যে, ক্লাসরুমে কঠোর কর্মসূচি দেয়া হয় এবং প্রতিদিন ২৪-ঘণ্টার ভিত্তিতে স্কুলের এলাকায় একটি বাসস্থানের পরিবেশ তৈরি করা হয়। ২৪-ঘণ্টা মধ্যস্থতা আবশ্যক শিক্ষা সংক্রান্ত তীব্র চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের জন্য এই কর্মসূচি প্রদান করা হয়। যেসকল আবাসিক স্কুল নিউ ইয়র্ক স্টেট এডুকেশন কর্তৃক অনুমোদিত সেগুলো নিউ ইয়র্ক স্টেট এবং কাছাকাছি স্টেটগুলোতে অবস্থিত।

৮- বাড়ি এবং হাসপাতালে শিক্ষানির্দেশনা

এই সব শিক্ষা বিষয়ক পরিষেবা যে সকল প্রতিবন্ধী শিক্ষাথী দীর্ঘ সময়ের জন্য স্কুলে অংশগ্রহণে অক্ষম তাদের প্রদান করা হয়। এগুলি সাধারণত অস্থায়ী এবং শুধুমাত্র শিক্ষাথী স্কুলে ফিরে না যাওয়া পর্যন্ত দেয়া হয় অথবা হাসপাতাল শিক্ষানির্দেশনার বেলায়, শিক্ষাথী হাসপাতাল থেকে মুক্তি না পাওয়া পর্যন্ত প্রদান করা হয়। সমাধান না হওয়া পর্যন্ত গুরুতর স্বাস্থ্য অথবা মানসিক সমস্যা যা শিক্ষাথীকে স্কুলে অংশগ্রহণ থেকে বিরত রাখে, তেমন সব শিক্ষাথীকে এই সব পরিষেবা প্রদানের জন্য সুপারিশ করা হতে পারে। তাছাড়া, এগুলো এ মুহূর্তে পাওয়া যাচ্ছে না এমন বিশেষায়িত পরিবেশের জন্য আপেক্ষামান কোন শিক্ষাথীর জন্যও সুপারিশ করা হতে পারে।

আপনার সন্তানকে যদি বাড়ি এবং হাসপাতালের শিক্ষানির্দেশনার জন্য সুপারিশ করা হয়ে থাকে, সে এলিমেন্টারি স্কুলে প্রতিদিন ন্যূনতম ১ ঘণ্টার শিক্ষানির্দেশনা পাবার অধিকার রাখে। আপনার সন্তানের ব্যক্তিক চাহিদার ভিত্তিতে আইইপি টিম অবশ্যই নির্ধারণ করবে তার কত ঘণ্টা, কতক্ষণের অধিবেশন এবং প্রতি সপ্তাহে কতবার পরিষেবা প্রয়োজন।

বাড়তি বিশেষ শিক্ষা পরিষেবা

প্যারাপ্রফেশনাল পরিষেবা

কিছু প্রতিবন্ধী শিক্ষাথীর তাদের ব্যক্তিক চাহিদা পূরণে এবং শিক্ষানির্দেশনা থেকে লাভবান হবার সুযোগ পেতে স্কুল দিবসের পুরো অথবা আংশিক সময় ধরে একজন প্যারাপ্রফেশনালের সহায়তা পরিষেবা আবশ্যিক হতে পারে। অন্যান্য বিষয়ের মধ্যে, একজন প্যারাপ্রফেশনালকে নিচে উল্লিখিত দায়িত্বের যেকোনটি দেয়া হতে পারে:

- স্বাস্থ্য বিষয়ক প্যারাপ্রফেশনাল
- আচরণ ব্যবস্থাপনা সংক্রান্ত প্যারাপ্রফেশনাল
- বিশেষ পরিবহন সংক্রান্ত প্যারাপ্রফেশনাল (যদি আপনার সন্তানের আচরণ, শারীরিক, অথবা স্বাস্থ্যের অবস্থা এমন হয় যে স্কুলে যাতায়াতকালে বাসে সে তার নিজের বা অন্যদের জন্য বিপজ্জনক।)

পরিচিতি এবং গতিশীলতার জন্য সাংকেতিক ভাষার (সাইন ল্যাঙ্গুয়েজ) দোভাষী, মৌখিক দোভাষী, অথবা সূত্রের ভাষার অনুবাদক হিশেবেও প্যারাপ্রফেশনালদের দায়িত্ব দেয়া হতে পারে।

আপনার সন্তানকে তার কাজকর্ম এবং প্রদত্ত দায়িত্বের সাথে পরিচিত করা এবং তা দৃঢ় এবং ক্ষুদ্র দলগত শিক্ষানির্দেশনায় পরিণত করার জন্য সাধারণ শিক্ষার ক্লাসরুমে কার্যরত একজন প্যারাপ্রফেশনালের দায়িত্ব হতে পারে। আপনার সন্তানের জন্য সকল পরিস্থিতে একই স্তরের সহায়তার প্রয়োজন নাও হতে পারে। একজন শিক্ষাথীর গণিতে সহায়তার প্রয়োজন হতে পারে কিন্তু বাকি দিনটিতে কোন বাড়তি সহায়তার প্রয়োজন নাও পড়তে পারে। সাধারণ শিক্ষার ক্লাসরুমে সম্পূরক পরিচর্যা সহায়তা এবং পরিষেবা হিশেবে প্যারাপ্রফেশনাল সহায়তার কথা আপনার সন্তানের আইইপিতে অবশ্যই উল্লিখিত থাকতে হবে এবং সহায়তা প্রতিদিনে অথবা সপ্তাহে কতবার আবশ্যিক তা আইইপিতে নির্দিষ্টভাবে বর্ণিত থাকতে হবে।

সহায়ক টেকনোলজির যন্ত্রপাতি এবং পরিষেবা

প্রতিবন্ধী শিক্ষাথীর কার্য ক্ষমতা বৃদ্ধি, রক্ষা, উন্নতিতে ব্যবহৃত কোন যন্ত্রপাতি, সামগ্রী, অথবা পদ্ধতির নাম সহায়ক টেকনোলজি (যেমন যোগাযোগের যন্ত্র, এফএম ইউনিট, কমপিউটার সুবিধা)। প্রতিবন্ধী শিক্ষাথীকে বেছে নিতে, সংগ্রহ করতে, অথবা সহায়ক টেকনোলজির যন্ত্রপাতি ব্যবহারে সহায়ক যেকোন পরিষেবাই সহায়ক টেকনোলজি পরিষেবা। আপনার সন্তানের জন্য আবশ্যিক যেকোন সহায়ক টেকনোলজি অথবা পরিষেবা তার আইইপিতে অবশ্যই তালিকাভুক্ত থাকবে। আপনি যদি মনে করেন আপনার সন্তানের সহায়ক টেকনোলজির প্রয়োজন আছে, আপনি সহায়ক টেকনোলজির মূল্যায়নের আবেদন করতে পারেন।

মানানসই শরীরচর্চা শিক্ষা

নিয়মিত শরীরচর্চা শিক্ষার কর্মসূচিতে নিরাপদ এবং সফলভাবে অবারিত অংশগ্রহণে অক্ষম প্রতিবন্ধী শিক্ষাথীদের আগ্রহ, ক্ষমতা, এবং সীমবদ্ধতার সাথে উপযুক্ত করে বিশেষভাবে তৈরি বর্ধনশীল কর্মকাণ্ড, খেলা, দৌড়-ঝাপ, এবং তালের কর্মসূচিকেই মানানসই শরীরচর্চা কর্মসূচি বোঝায়। নিয়মিত শরীরচর্চা শিক্ষার কর্মসূচিতে যেসব কর্মকাণ্ড অন্তর্ভুক্ত সেগুলো করতে সক্ষম নয় এমন শিক্ষাথীদের জন্য মানানসই শরীরচর্চা সুপারিশ করা হতে পারে।

বারো-মাসের স্কুল বছর পরিষেবা

গ্রীস্মের সময় বেশিমাত্রায় পিছিয়ে পড়া বন্ধ করতে প্রতিবন্ধী শিক্ষার্থী, যাদের বিশেষ শিক্ষা পরিষেবা আবশ্যিক, তাদেরকে যেকোন পরিবেশে বারো-মাসের স্কুল বছর পরিষেবা অব্যাহত রেখে শিক্ষা দেয়া হয়।

বিশেষ শিক্ষা পরিবহন

আইইপি টিম বিশেষ পরিবহন ব্যবস্থার প্রয়োজন আছে কিনা তার ব্যাখ্যাসহ আপনার সন্তানের ডাক্তারের কাছ থেকে কোন নথি দেখতে চাইবে। আপনার সন্তানের প্রতিবন্ধিতার ধরন বিশেষ কোন পরিবহন-সুবিধা দাবি রাখে কিনা তা নির্ধারণে আইইপি টিম সকল স্বাস্থ্য সম্পর্কিত কাগজপত্র বিবেচনায় নেবে (যেমন বাসে যাতায়াতের সময়সীমা অথবা হুইলচেয়ার তোলার উপযুক্ত বাস)।

কিন্ডারগার্টেনে ভর্তি

কম্যুনিটি স্কুল: ২০১২-২০১৩ স্কুল বছরের শুরুতে এটি প্রত্যাশিত যে, সকল জোনভুক্ত/কম্যুনিটি স্কুলগুলো অসংখ্য প্রতিবন্ধী শিক্ষার্থীকে পরিষেবা প্রদান করবে। অতএব, অপ্রতিবন্ধী শিক্ষার্থীদের পিতামাতাদের মত আপনারও কিন্ডারগার্টেন ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনার সন্তান যদি "কম্যুনিটি স্কুলে" ক্লাস ও পরিষেবা পাবার জন্য সুপারিশকৃত হয়, তাহলে সে কিন্ডারগার্টেন ভর্তি প্রক্রিয়ার মাধ্যমে গৃহীত স্কুলে পড়বে সেই সম্ভাবনাই অনেক বেশি। যেস্কুলে সে গৃহীত হয়েছে সেখানে যদি তার উপযুক্ত কর্মসূচি না থাকে, শুধু সেই ক্ষেত্রেই অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট (ওমসই) তাকে অন্য স্কুলে ভর্তির প্রস্তাব দেবে।

জানুয়ারি মাস থেকে আপনি আপনার জোনভুক্ত স্কুল এবং অন্য আগ্রহের স্কুলগুলোতে আবেদন করতে শুরু করতে পারেন। একটি বিষয় জেনে রাখা গুরুত্বপূর্ণ যে, শিক্ষার্থীরা যে জোনে বাস করে সেই জোনভুক্ত স্কুলে তাদের অগ্রাধিকার আছে। নিচে উল্লিখিত অগ্রাধিকারের ভিত্তিতে স্কুলগুলো সর্বোচ্চ থেকে সর্বোনিম্ন অগ্রাধিকার বিবেচনা করবে:

১. ২০১২-২০১৩ স্কুল বছরে ১-৫ গ্রেডে ভাই বোন যেস্কুলে পড়ছে এমন জোনভুক্ত শিক্ষার্থী;
২. অন্য সকল জোনভুক্ত শিক্ষার্থী;
৩. ২০১২-২০১৩ স্কুল বছরে ১-৫ গ্রেডে ভাই বোন যেস্কুলে পড়ছে এমন জোনের বাইরের কিন্তু স্কুল ডিস্ট্রিক্টে বসবাসকারী শিক্ষার্থী;
৪. ২০১২-২০১২ স্কুর বছরে ১-৫ গ্রেডে ভাই বোন যেস্কুলে পড়ছে এমন স্কুল ডিস্ট্রিক্টের বাইরের শিক্ষার্থী;
৫. স্কুল জোনের বাইরের কিন্তু স্কুল ডিস্ট্রিক্টে বসবাসকারী সকল শিক্ষার্থী;
৬. অন্য সকল শিক্ষার্থী

বিশেষায়িত ডিস্ট্রিক্ট ৭৫ স্কুল: আপনার সন্তানের কিন্ডারগার্টেন আইইপিতে যদি বিশেষায়িত (ডিস্ট্রিক্ট ৭৫) স্কুলের বিশেষ ক্লাসের জন্য সুপারিশ থাকে, অফিস অব স্টুডেন্ট এনরোলমেন্ট (ওএসই) নির্ধারণ করবে সে কোন্ স্কুলে যাবে। আপনার আইইপি সভার সময়, আপনি যেকোন স্কুলের অগ্রাধিকার জানাতে পারেন, কিন্তু কোন নিশ্চয়তা নেই যে, আপনার অগ্রাধিকারের স্কুলে ওএসই আপনাকে আসন দিতে পারবে।

স্টেট-অনুমোদিত নন-পাবলিক স্কুল: কোন পাবলিক স্কুলে ভর্তি করে আপনার সন্তানের চাহিদা পূরণ না হওয়ার কারণে আপনার সন্তানকে যদি নিউ ইয়র্ক স্টেট-অনুমোদিত কোন নন-পাবলিক স্কুলের জন্য সুপারিশ করা হয়, ডিওই-র সেন্টাল বেইজড্ সাপোর্ট টিম (সিবিএসটি) আপনার সন্তানের পক্ষে স্টেট অনুমোদিত নন-পাবলিক স্কুলে আবেদন করবে।

চার্টার স্কুল: প্রতিবন্ধী শিক্ষার্থীদের যেকোন চার্টার স্কুলের জন্য লটারিতে অংশগ্রহণের অধিকার আছে। আপনার সন্তান যদি কোন চার্টার স্কুলে গৃহীত হয়, সেই চার্টার স্কুলকে অবশ্যই নিশ্চিত করতে হবে তার আইইপিতে বর্ণিত কর্মসূচি এবং পরিষেবা সে পাচ্ছে। আপনার সন্তানের চাহিদা পূরণের উপযুক্ত পরিষেবা যদি সেই চার্টার স্কুল প্রদান করে কিন্তু সেটি তার বর্তমান আইইপি-র সাথে মানানসই না হয়, তাহলে চার্টার স্কুল কমিটি অন স্পেশাল এডুকেশন(সিএসই)-কে একটি নতুন আইইপি সভার অনুরোধ জানাতে পারে।

যোগাযোগের তথ্য

আর্লি চাইল্ডহুড ডিরেকশন সেন্টারস্ (ইসিডিসি)

আর্লি চাইল্ডহুড ডিরেকশন সেন্টারসমূহ (ইসিডিসি), যা নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের অর্থে পরিচালিত হয়, বিশেষ চাহিদা প্রয়োজন আছে বা সেরকম অনুমান করা হচ্ছে এমন তরুণ শিক্ষার্থীদের বিভিন্ন পরিষেবা সম্পর্কে বিনা খরচে গোপনীয় তথ্য এবং তাদের পরিবারগণ ও পেশাজীবীদের রেফারাল প্রদান করে। প্রি-স্কুল থেকে স্কুল-বয়সী বিশেষ শিক্ষা সহায়তা এবং পরিষেবায় উত্তরণে পরিবারবর্গকে সহায়তা প্রদানের জন্য ইসিডিসি কর্মীগণকে পাওয়া যাবে।

ব্রংক্স ইসিডিসি AHRC New York City 2488 Grand Concourse, #337 Bronx, New York 10458 718-584-0658	***কুইন্স ইসিডিসি*** Queens Centers for Progress 82-25 164th Street Jamaica, NY 11432 718-374-0002 এক্সটেনশন 465
ব্রুকলিন ইসিডিসি United Cerebral Palsy of NYC, Inc. 160 Lawrence Avenue Brooklyn, New York 11239 718-437-3794	***স্টেটেন আইল্যান্ড ইসিডিসি*** Staten Island University Hospital 242 Mason Avenue, 1st Floor Staten Island, NY 10305 718-226-6670
ম্যানহ্যাটন্ ইসিডিসি New York Presbyterian Hospital 435 East 70th Street, #2A New York, NY 10021 212-746-6175	

বিশেষ শিক্ষার পিতামাতা সেন্টার

নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট কর্তৃক অর্থায়িত বিশেষ শিক্ষার পিতামাতা সেন্টার প্রতিবন্ধী শিক্ষার্থীদের পিতামাতাগণকে তথ্য এবং সহায়-সংস্থান প্রদান করে।

ব্রংক্স এবং ম্যানহ্যাটন্ Resources for Children with Special Needs, Inc 116 E. 16th Street, 5th floor New York, New York 10003 212-677-4650 http://www.resourcesnyc.org/ *(Also serves as citywide PTIC)*	কুইন্স United We Stand of New York Mail to: 91 Harrison Ave Location: 98 Moore Street Brooklyn NY 11206 718-302-4313 http://www.uwsofny.org/
ব্রুকলিন Brooklyn Center for Independence of the Disabled 27 Smith Street, Suite 200, Brooklyn, NY 11201 718-998-3000 http://www.bcid.org/	স্ট্যাটেন আইল্যান্ড Parent to Parent of NY 1050 Forest Hill Road Staten Island, NY 10314 718-494-4872 http://www.parenttoparentnys.org/

প্যারেন্ট ট্রেনিং অ্যান্ড ইনফরমেশন সেন্টারস্ (পিটিআইসি)

প্যারেন্ট ট্রেনিং অ্যান্ড ইনফরমেশন সেন্টারের কর্মসূচিসমূহ প্রতিবন্ধী শিক্ষার্থীদের পিতামাতাগণের চাহিদা পূরণের লক্ষ্যে ইউএস ডিপার্টমেন্ট অব এডুকেশনের অফিস অব স্পেশাল এডুকেশন প্রোগ্রাম কর্তৃক অর্থায়িত। পিটিআইসি-র অন্তর্ভুক্ত:

অ্যাডভোকেটস্ ফর চিলড্রেন অব নিউ ইয়র্ক 151 West 30th Street, 5th Floor New York, NY 10001 866-427-6033/ 212-947-9779 http://www.advocatesforchildren.org/	***সিনারজিয়া/ মেট্রোপলিটান প্যারেন্ট সেন্টার*** 2082 Lexington Avenue, 4th Floor New York, NY 10035 212-643-2840 http://www.sinergiany.org/

বিশেষ শিক্ষা সংক্রান্ত কমিটিসমূহ (সিএসই)

সিএসই	*ডিস্ট্রিক্ট*	*ঠিকানা*	*ফোন/ফ্যাক্স*	*সিএসই চেয়ারপারসন*
১	৭,৯,১০	One Fordham Plaza Bronx, New York, 10458	ফোন: 718-329-8001 ফ্যাক্স: 718-741-7928	রোসেটা ব্রাউনলি
২	৮,১১,১২	3450 East Tremont Ave., 2nd fl Bronx, New York, 10465	ফোন: 718-794-7429 Español: 718-794-7490 ফ্যাক্স:: 718-794-7445	মিশেল বিটি
৩	২৫, ২৬	30-48 Linden Place Flushing, New York, 11354	ফোন: 718-281-3461 ফ্যাক্স: 718-281-3478	এসথার মোরেল
	২৮, ২৯	90-27 Sutphin Boulevard Jamaica, New York 11435	ফোন: 718-557-2553 ফ্যাক্স: 718-557-2620	এসথার মোরেল
৪	২৪, ৩০	28-11 Queens Plaza North, 5th fl Long Island City, New York 11101	ফোন: 718-391-8405 ফ্যাক্স: 718-391-8556	এলিসা ফিনকেলস্টাইন (ভারপ্রাপ্ত চেয়ার পারসন)
	২৭	Satellite Office 82-01 Rockaway Blvd. 2nd fl Ozone Park, New York, 11416	ফোন: 718-642-5715 ফ্যাক্স: 718-642-5891	এলিসা ফিনকেলস্টাইন (ভারপ্রাপ্ত চেয়ার পারসন)
৫	১৯,২৩,৩২	1655 St. Marks Avenue Brooklyn, New York 11233	ফোন: 718-240-3558 ফ্যাক্স: 718-240-3555	এারিয়ামা স্যান্ডি
৬	১৭,১৮,২২	5619 Flatlands Avenue Brooklyn, New York 11234	ফোন: 718-968-6200 ফ্যাক্স: 718-968-6253	আর্লিন রোজেনস্টক
৭	২০,২১	415 89th Street Brooklyn, New York, 11209	ফোন: 718-759-4983 ফ্যাক্স: 718-759-3905	ক্লেয়ার ডোনেলেন
	৩১	715 Ocean Terrace, Building A Staten Island, New York 10301	ফোন: 718-420-5790 ফ্যাক্স: 718-420-5758	ক্লেয়ার ডোনেলেন
৮	১৩,১৪,১৫,১৬	131 Livingston Street, 4th fl Brooklyn, New York, 11201	ফোন: 718-935-4900 Fax: 718-935-5167	ডেবোরাহ কাফে-জ্যাকসন
৯	১,২,৪	333 7th Avenue, 4th fl New York, New York 10001	ফোন: 917-339-1600 ফ্যাক্স: 917-339-1450	জেরার্ড ডোনেগ্যান
১০	৩,৫,৬	388 West 125th Street New York, New York 10027	ফোন: 212-342-8300 ফ্যাক্স: 212-342-8427	মার্ক জ্যাকবি

বছরব্যাপী, নতুন তথ্য হালনাগাদ করা হয়। হালনাগাদ তথ্য ডিপার্টমেন্ট অব এডুকেশনের (ডিওই) ওয়েবসাইটে দেয়া হয়। নিয়মিত হালনাগাদ তথ্যের জন্য অনুগ্রহ করে, নিচের ওয়েবসাইট দেখুন:

http://schools.nyc.gov/Academics/SpecialEducation/ParentResources/Enrollment

Department of Education

Dennis M. Walcott, Chancellor

ডিভিশন অব স্টুডেন্টস্ উইদ ডিসঅ্যাবিলিটিজ অ্যান্ড ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার্স

52 Chambers Street, NY, NY 10007